১৩। কোনো প্রার্থী অন্যের ছবি/প্রবেশপত্র ব্যবহার করলে অথবা অন্য যেকোনো অসদুপায় অবলম্বন করলে তার পরীক্ষা বাতিল এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। পরীক্ষায় অসদুপায় অবলম্বনের কোনো রিপোর্ট থাকলে প্রার্থীর ভর্তি পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

১৫। পরীক্ষার্থীদের স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

## মেধাস্কোর ও মেধাক্রম

১৬। ক) মোট **১২০** নম্বরের ভিত্তিতে প্রার্থীদের অর্জিত মেধাস্কোরের ক্রমানুসারে মেধা তালিকা তৈরি করা হবে। এজন্য মাধ্যমিক/ O-Level অথবা সমমানের পরীক্ষায় প্রাপ্ত/হিসাবকৃত জিপিএকে ২ দিয়ে গুণ এবং উচ্চ মাধ্যমিক/A-Level অথবা সমমানের পরীক্ষায় প্রাপ্ত/হিসাবকৃত জিপিএকে ২ দিয়ে গুণ করে, এই দুইয়ের যোগফল ভর্তি পরীক্ষায় **১০০**-তে প্রাপ্ত নম্বরের সাথে যোগ দিয়ে **১২০** নম্বরের মধ্যে বাংলা এবং ইংলিশ মিডিয়ামের প্রার্থীদের দুটি মেধাস্কোর তৈরি করা হবে।

খ) ইংলিশ মিডিয়ামের প্রার্থীদের মেধাস্কোর প্রচলিত পরিসংখ্যানীয় পদ্ধতিতে প্রমিতকরণের মাধ্যমে ম্যাপিং করে বাংলা মিডিয়ামের শিক্ষার্থীদের মেধাস্কোরের সাথে সমন্বয় করা হবে। সমন্বিত মেধাস্কোরের ক্রমানুসারে চূড়ান্ত মেধা তালিকা তৈরী করা হবে।

গ) মেধাস্কোর সমান হলে নিম্নলিখিত ক্রমানুসারে মেধাক্রম তৈরি করা হবে:

(i) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত স্কোর;

(ii) a. ভর্তি পরীক্ষায় আবশ্যিক বিষয়সমূহে (পদার্থ ও রসায়ন) প্রাপ্ত নম্বর-এর যোগফল (বিজ্ঞান শাখার জন্য);

b. ভর্তি পরীক্ষায় বাংলা/এ্যাডভান্সড ইংলিশ এবং ইংরেজি বিষয়ে প্রাপ্ত নম্বর-এর যোগফল (মানবিক ও বাণিজ্য শাখার জন্য);

(iii) HSC/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA

(iv) SSC/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA

১৭। মেধাস্কোরের ভিত্তিতে নির্ণীত মেধাক্রম অনুযায়ী উত্তীর্ণ প্রার্থীদের ফলাফল ভর্তি পরীক্ষার পর ৪ (চার) সপ্তাহের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইটে (https://admission.eis.du.ac.bd) প্রকাশ করা হবে। এছাড়া, প্রার্থী এসএমএস-এর মাধ্যমে ফলাফল জানতে পারবে।

১৮। মেধা তালিকা প্রকাশের তারিখ থেকে পাঁচ কার্যদিবসের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়, কার্জন হল এলাকায় অবস্থিত অগ্রণী ব্যাংকের শাখায় ১০০০/- টাকা নিরীক্ষা ফি জমা দিয়ে জমার রশিদসহ বিজ্ঞান ইউনিট প্রধান **(ডিন, ফার্মেসী অনুষদ)** বরাবর আবেদন করে প্রার্থীর উত্তরপত্র নিরীক্ষা করানো যাবে। নিরীক্ষার ফলে প্রার্থীর অর্জিত নম্বরের পরিবর্তন হলে নিরীক্ষা ফি ফেরৎ দেওয়া হবে এবং মেধা তালিকায় প্রয়োজনীয় সংশোধন করে নেওয়া হবে।

১৯। বিভিন্ন বিভাগ/ইনস্টিটিউটের ভর্তির ন্যূনতম যোগ্যতা:

| অনুষদ/ইনস্টিটিউট | ভর্তির বিভাগ/বিষয় | উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত সর্বনিম্ন গ্রেড | ভর্তি পরীক্ষায় নির্দিষ্ট বিষয়/ বিষয়সমূহে প্রাপ্ত সর্বনিম্ন নম্বর |
|---|---|---|---|
| বিজ্ঞান অনুষদ | পদার্থবিজ্ঞান | পদার্থবিজ্ঞান A- এবং গণিত A- | পদার্থবিজ্ঞান ১০ এবং গণিত ১০ |
| | গণিত | গণিত A- (বিজ্ঞান শাখা) | গণিত ১০ |
| | | গণিত A- (মানবিক/সাধারণ শাখা) | গণিত ১০ |
| | রসায়ন | রসায়ন A-, গণিত B এবং পদার্থবিজ্ঞান B | রসায়ন ১০ |
| | পরিসংখ্যান | গণিত A- (বিজ্ঞান শাখা) | গণিত ১০ |
| | | গণিত A- (মানবিক/সাধারণ শাখা) | গণিত ১০ |
| | ফলিত গণিত | গণিত A | গণিত ১২ এবং পদার্থবিজ্ঞান ৮ |

| অনুষদ/ইনস্টিটিউট | ভর্তির বিভাগ/বিষয় | উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত সর্বনিম্ন গ্রেড | ভর্তি পরীক্ষায় নির্দিষ্ট বিষয়/ বিষয়সমূহে প্রাপ্ত সর্বনিম্ন নম্বর |
|---|---|---|---|
| জীববিজ্ঞান অনুষদ | মৃত্তিকা, পানি ও পরিবেশ | রসায়ন B, পদার্থ B এবং (গণিত B অথবা জীববিজ্ঞান B) | রসায়ন ১০ এবং জীববিজ্ঞান ১০ |
| | উদ্ভিদবিজ্ঞান | জীববিজ্ঞান B | জীববিজ্ঞান ১০ |
| | প্রাণিবিদ্যা | জীববিজ্ঞান B, রসায়ন B | জীববিজ্ঞান ১০ |
| | প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান | রসায়ন A, গণিত A- এবং জীববিজ্ঞান A- | রসায়ন ১০ এবং জীববিজ্ঞান ১০ |
| | মনোবিজ্ঞান | বিজ্ঞান শাখা: ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক ভর্তি পরীক্ষার নির্ধারিত গ্রেড | ইংরেজি/গণিত/জীববিজ্ঞান: ১২ |
| | | মানবিক/সাধারণ ও ব্যবসায় শিক্ষা শাখা: ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক ভর্তি পরীক্ষার নির্ধারিত গ্রেড | ইংরেজি/গণিত/মনোবিজ্ঞান/ পরিসংখ্যান/অর্থনীতি/ভূগোল: ১২ |
| | অণুজীব বিজ্ঞান | রসায়ন A এবং জীববিজ্ঞান A অথবা গণিত B | জীববিজ্ঞান ১০ এবং রসায়ন ১০ |
| | মৎস্যবিজ্ঞান | গণিত B, রসায়ন B এবং জীববিজ্ঞান B | জীববিজ্ঞান ১০ এবং রসায়ন ১০ |
| | জিন প্রকৌশল ও জীবপ্রযুক্তি | রসায়ন A-, জীববিজ্ঞান A- এবং গণিত A- | রসায়ন ১০ এবং জীববিজ্ঞান ১০ |
| ফার্মেসী অনুষদ | ফার্মেসী | রসায়ন A-, গণিত B এবং জীববিজ্ঞান B | রসায়ন ১০ এবং জীববিজ্ঞান ১০ |
| আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদ | ভূগোল ও পরিবেশ | বিজ্ঞান শাখা: ভূগোল/পদার্থবিজ্ঞান/রসায়ন/ গণিত/জীববিজ্ঞান: B | পদার্থবিজ্ঞান/রসায়ন/জীববিজ্ঞান /গণিত: ৮ |
| | | মানবিক/সাধারণ ও ব্যবসায় শিক্ষা শাখা: ভূগোল/বাণিজ্যিক ভূগোল B, বাংলা B, ইংরেজি B এবং আইসিটি B | ইংরেজি/ভূগোল/মনোবিজ্ঞান: ৮ |
| | ভূতত্ত্ব | পদার্থবিজ্ঞান B, গণিত B, রসায়ন B এবং জীববিজ্ঞান B | পদার্থবিজ্ঞান/গণিত/ রসায়ন/ জীববিজ্ঞান: ৮ |
| | সমুদ্রবিজ্ঞান | গণিত / পদার্থবিজ্ঞান/ জীববিজ্ঞান/ রসায়ন: B | গণিত/পদার্থবিজ্ঞান/জীববিজ্ঞান/ রসায়ন: ৮ |
| | ডিজাস্টার সায়েন্স এন্ড ক্লাইমেট রেজিলিয়েন্স | পদার্থবিজ্ঞান B, রসায়ন B, গণিত/জীববিজ্ঞান: B | পদার্থবিজ্ঞান/রসায়ন/গণিত /জীববিজ্ঞান: ৮ |
| | আবহাওয়া বিজ্ঞান | পদার্থবিজ্ঞান/গণিত: A- | পদার্থবিজ্ঞান/গণিত: ৮ |
| ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ | ইলেট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং | পদার্থবিজ্ঞান A- এবং গণিত A- | পদার্থবিজ্ঞান ১২ এবং গণিত ১২ |
| | ফলিত রসায়ন ও কেমিকৌশল | রসায়ন B, পদার্থবিজ্ঞান B এবং গণিত B | রসায়ন ১০, পদার্থবিজ্ঞান/গণিত: ১০ |
| | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | পদার্থবিজ্ঞান A এবং গণিত A | পদার্থবিজ্ঞান ১৩ এবং গণিত ১৩ |

| অনুষদ/ইনস্টিটিউট | ভর্তির বিভাগ/বিষয় | উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত সর্বনিম্ন গ্রেড | ভর্তি পরীক্ষায় নির্দিষ্ট বিষয়/ বিষয়সমূহে প্রাপ্ত সর্বনিম্ন নম্বর |
|---|---|---|---|
| | নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং | পদার্থবিজ্ঞান B এবং গণিত B | পদার্থবিজ্ঞান ১০ এবং গণিত ১০ |
| | রোবটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং | পদার্থবিজ্ঞান A- এবং গণিত A- | পদার্থবিজ্ঞান ১২ এবং গণিত ১২ |
| অ্যাপ্লাইড স্ট্যাটিসটিকস এন্ড ডাটা সায়েন্স ইনস্টিটিউট | অ্যাপ্লাইড স্ট্যাটিসটিকস এন্ড ডাটা সায়েন্স | গণিত A | গণিত ১২ |
| পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট | পুষ্টি ও খাদ্য বিজ্ঞান | রসায়ন B এবং জীববিজ্ঞান B | রসায়ন ১০ এবং জীববিজ্ঞান ১০ |
| তথ্য প্রযুক্তি ইনস্টিটিউট | সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং | গণিত A এবং পদার্থবিজ্ঞান A- | গণিত ১২ এবং পদার্থবিজ্ঞান ১২ |
| ইনস্টিটিউট অব লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি | লেদার ইঞ্জিনিয়ারিং | রসায়ন B, গণিত B এবং পদার্থবিজ্ঞান B | রসায়ন ৮ এবং গণিত ৮ |
| | ফুটওয়্যার ইঞ্জিনিয়ারিং | রসায়ন B, গণিত B এবং পদার্থবিজ্ঞান B | রসায়ন ৮ এবং গণিত ৮ |
| | লেদার প্রোডাক্টস ইঞ্জিনিয়ারিং | রসায়ন B, গণিত B এবং পদার্থবিজ্ঞান B | রসায়ন ৮ এবং গণিত ৮ |
| শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট | ভৌত বিজ্ঞান | পদার্থবিজ্ঞান B, রসায়ন B এবং গণিত B | পদার্থ ৮, রসায়ন ৮ এবং গণিত ৮ |
| | জীববিজ্ঞান | রসায়ন B এবং জীববিজ্ঞান B | রসায়ন ৮ এবং জীববিজ্ঞান ৮ |

২০। মেধা তালিকা প্রকাশের পর নির্দিষ্ট তারিখের মধ্যে অনলাইনে বিভাগ পছন্দকরণ ফরম (Subject Choice) পূরণ করতে হবে। পরবর্তীতে বিভাগ পছন্দক্রম এবং ভর্তি পরীক্ষার মেধাক্রম ও ভর্তির যোগ্যতা অনুসারে বিভাগ বন্টনের তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (https://admission.eis.du.ac.bd) প্রকাশ করা হবে। এ ছাড়া ভর্তিচ্ছু প্রার্থীকে অনলাইনে প্রকাশিত বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্ধারিত তারিখে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিকের মূল নম্বরপত্রসহ **ফার্মেসী অনুষদের** অফিসে উপস্থিত হতে হবে। চূড়ান্তভাবে ভর্তির জন্য মনোনীত প্রার্থীর মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিকের মূল নম্বরপত্র জমা রাখা হবে।

২১। ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদেরকে ভর্তি ফরমের সঙ্গে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে, সেই শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র এবং অভিভাবকের বাৎসরিক আয়ের সনদপত্র সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট-এ জমা দিতে হবে।

২২। ভর্তি প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে, এমন কি ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার পরও ভর্তির জন্য প্রদত্ত তথ্যাদিতে যদি কোনো ভুল ধরা পড়ে বা অসদুপায় অবলম্বনের প্রমাণ পাওয়া যায় অথবা যদি দেখা যায় যে, প্রার্থীর ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা নেই, তাহলে প্রার্থীর ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি, ভর্তি-পরীক্ষা, বিভাগ মনোনয়ন এবং ভর্তি বাতিল করা হবে।